

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ৪৩৮

১/ বিবিধ

আরবী

مثل أصحابي مثل النجوم من اقتدى بشيء منها اهتدى
موضوع

رواه القضاعي (2 / 109) عن جعفر بن عبد الواحد قال: قال لنا وهب بن جرير بن حازم عن أبيه عن الأعمش عن أبي صالح عن أبي هريرة مرفوعا قلت: وكتب بعض المحدثين على الهامش وأظنه ابن المحب أو الذهبي هذا حديث ليس بصحيح

قلت: يعني أنه موضوع وآفته جعفر هذا، قال الدارقطني يضع الحديث، وقال أبو زرعة: روى أحاديث لا أصل لها، وساق الذهبي أحاديث اتهمه بها، منها هذا، وقال: إنه من بلاياه، وقد تقدم الحديث بنحوه مع الكلام على طريقه وأكثر ألفاظه برقم (58 - 62) فراجع إن شئت فإن تحته فوائد جمة

বাংলা

৪৩৮। আমার সাহাবীগণ হচ্ছে নক্ষত্রের ন্যায়। যে ব্যক্তি তাদের থেকে কোন কিছুর অনুসরণ করবে সে হিদায়তপ্রাপ্ত হবে।

হাদীসটি জাল।

এটি কাযান্দি (২/১০৯) জাফার ইবনু আবদিল ওয়াহেদ সূত্রে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ কোন মুহাদ্দিস টাকায় লিখেছেন, আমার ধারণা তিনি হচ্ছেন ইবনুল মুহিব অথবা যাহাবী,

এ হাদীসটি সহীহ নয়।

আমি (আলবানী) বলছিঃ এর দ্বারা বুঝিয়েছেন এটি বানোয়াট। তার সমস্যা হচ্ছে এ জাফার। তার সম্পর্কে দারাকুতনী বলেনঃ তিনি হাদীস জাল করতেন। আবু যুর'আহ বলেনঃ তিনি কতিপয় হাদীস বর্ণনা করেছেন সেগুলোর কোন ভিত্তি নেই। যাহাবী তার কতিপয় হাদীস উল্লেখ করে সেগুলোর দ্বারা তাকে মিথ্যার দোষে দোষী করেছেন। এটি সেগুলোর একটি এবং বলেছেন তিনিই হচ্ছেন হাদীসটির সমস্যা।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68023>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন